

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬০৫

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০৩. জুম'আর সালাতের কিরাআত

بَابُ الْقِرَاءَةِ فِي صَلَاةِ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبْيَانَ حَدَّثَنَا أَبُو أُويسٍ عَنْ ضَمْرَةَ بْنِ سَعِيدِ الْمَازِنِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ عَنْ الضَّحَّاكِ بْنِ قَيْسٍ الْفَهْرِيِّ عَنْ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ الْأَنْصَارِيِّ قَالَ سَأَلْنَاهُ مَا كَانَ يَقْرَأُ بِهِمْ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ الْجُمُعَةِ مَعَ السُّورَةِ الَّتِي ذُكِرَتْ فِيهَا الْجُمُعَةُ قَالَ كَانَ يَقْرَأُ مَعَهَا هَلْ أَتَاكَ حَدِيثُ الْغَاشِيَةِ

বাংলা

১৬০৫. (অপর সূত্রে) উবাইদুল্লাহ ইবনু আব্দুল্লাহ ইবনু উতবা থেকে বর্ণিত, দাহহাক ইবনু কায়িস আল ফিহরী বলেন, আমরা নু'মান ইবনু বাশীর আল আনসারী রাদিয়াল্লাহ আনহুকে প্রশ্ন করলাম, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের সাথে জুম'আর দিন বর্ণিত সূরা- তথা সূরা জুম'আহ'র সাথে (দ্বিতীয় রাকা'আতে) আর কোন্ সূরা পাঠ করতেন? তিনি বললেন: তিনি এর (সূরা জুম'আর) সাথে পাঠ করতেন, [“হাল আতাকা হাদীছুল গশিয়াহ।”][1] (সূরা গশিয়াহ: ১)

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: এটি পূর্বের হাদীসটির পুনরাবৃত্তি। এছাড়া, সহীহ ইবনু খুযাইমা নং ১৮৪৬; পূর্ণ তাখরীজের জন্য আগের ও পরের হাদীস দু'টি দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উবাইদুল্লাহ ইবনু আব্দুল্লাহ ইবন উতবাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81888>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন